বিদ্যুৎ ও জ্বালানি নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)
১৫৩,পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা
www.bomd.gov.bd

## নিয়োগ বিজ্ঞপ্তি

নং-২৮.০৭.০০০০.০০০.০০৪.১১.০০০৬.১৬ (অংশ-০৭).২৫৭

তারিখ : ০৮ আষাঢ়, ১৪৩২
২২ জুন, ২০২৫

খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)'র রাজস্ব খাতভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদসমূহ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের মাধ্যমে পূরণের জন্য বাংলাদেশের স্থায়ী নাগরিকগণের নিকট হতে http://bomd.teletalk.com.bd ওয়েবসাইটে Online-এ দরখাস্ত আহবান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতীত কোনো আবেদন গ্রহণ করা হবে না :

| ক্র.নং | পদের নাম, বেতন স্কেল (জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী) ও গ্রেড | বয়স | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | উচ্চমান সহকারী<br>বেতনস্কেল : ১০,২০০-২৪,৬৮০/-<br>(গ্রেড-১৪) | ১৮-৩২ বৎসর | ০১ (এক) টি | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>গ) কম্পিউটার Typing এ গতি প্রতি মিনিটে বাংলায় সর্বনিম্ন ২৫ (পঁচিশ) ও ইংরেজীতে সর্বনিম্ন ৩০ (ত্রিশ) শব্দ। |
| ২ | ড্রাফটসম্যান<br>বেতনস্কেল : ১০,২০০-২৪,৬৮০/-<br>(গ্রেড-১৪) | ১৮-৩২ বৎসর | ০১ (এক) টি | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে ড্রাফটসম্যানশীপে ৩ (তিন) বৎসর মেয়াদী ডিপ্লোমা। |
| ৩ | কম্পিউটার অপারেটর/পি.এ<br>বেতনস্কেল : ৯,৩০০- ২২,৪৯০/-<br>(গ্রেড-১৬) | ১৮-৩২ বৎসর | ০২ (দুই) টি | ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ বাংলা ও ইংরেজি ওয়ার্ড প্রসেসিং-এ, যথাক্রমে সর্বনিম্ন ৩০ এবং ৪০ শব্দের গতি;<br>(খ) কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে Word Processing/Data Entry ও Typing এ অভিজ্ঞতা থাকতে হবে। |

**২। নিম্নবর্ণিত শর্তাবলি আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে :**

ক. সকল পদের প্রার্থীর ক্ষেত্রেই ০১-০৬-২০২৫ খ্রি. তারিখে বয়সসীমা ১৮-৩২ বছর হতে হবে। বয়স প্রমানের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়;

খ. সরকারি/ আধা সরকারি/ স্বায়ত্তশাসিত সংস্থায় চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। সকল চাকুরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে;

গ. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংশ্লিষ্ট বিধি-বিধানে কোনো সংশোধন হলে তা অনুসরণ করা হবে;

ঘ. মৌখিক পরীক্ষার সময় সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্র, অভিজ্ঞতার মূল সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন সনদ, ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/পৌরসভার ওয়ার্ড কাউন্সিলর/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/প্রশাসক কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ, মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার প্রমাণক হিসেবে সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত মূল সনদ, মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার পুত্র/কন্যার ক্ষেত্রে উপযুক্ত প্রমাণক হিসেবে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/পৌরসভার ওয়ার্ড কাউন্সিলর/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/প্রশাসক কর্তৃক প্রার্থীর সঙ্গে মুক্তিযোদ্ধার সম্পর্ক সংক্রান্ত মূল প্রত্যয়নপত্র, এতিম, শারীরিক প্রতিবন্ধী, ক্ষুদ্র ও নৃগোষ্ঠী আবেদনকারীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত মূল সনদপত্র প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত Application Form সহ সকল কাগজপত্রের সত্যায়িত এক সেট ফটোকপি দাখিল করতে হবে;

ঙ. এই নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত ছকের ০১ নং ক্রমিকের শূন্য পদ পূরণের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুসরণ করা হবে। ২ ও ৩ নং ক্রমিকের শূন্য পদ পূরণে খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪ অনুসরণ করা হবে। এছাড়াও নিয়োগ সংক্রান্ত বিদ্যমান সরকারি যাবতীয় বিধি-বিধান/আদেশ/নিয়মাবলি এবং কোটার ক্ষেত্রে সরকারের সর্বশেষ সিদ্ধান্ত অনুসৃত হবে;

চলমান পাতা ২

চ. কোনো কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি সংশোধন/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন;

ছ. আবেদনকারী যদি কোনো তথ্য গোপন করেন এবং পরবর্তীতে তা সনাক্ত হয় সেক্ষেত্রে আইনানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে এবং তার নিয়োগাদেশ বাতিল করা হবে। অর্জিত শিক্ষাগত যোগ্যতা গোপন রেখে পরবর্তীতে তা প্রকাশ করে পদোন্নতি বা অন্য কোনো বৈধ সুযোগ দাবী করলে তা গ্রহণযোগ্য হবে না;

জ. বর্ণিত পদের জন্য লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন;

ঝ. লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

**৩। আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলি :**

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://bomd.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ২৫/০৬/২০২৫ খ্রি. , সকাল- ১০:০০ টা;

ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২৪/০৭/২০২৫ খ্রি. , বিকাল- ০৫:০০ টা;
উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন;

খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (প্রস্থ ৩০০×দৈর্ঘ্য৮০ pixel) ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন;

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার **পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন;**

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন;

ঙ. **SMS** প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদন submit করা প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant Copy পাবেন। উক্ত Applicant Copy তে যদি কোনো ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে, আবেদন ফি জমাদানের পরে আর কোনো পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয়। তাই, আবেদন ফি জমাদানের পূর্বে অবশ্যই Applicant Copy তে প্রার্থীর সদ্য তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর রয়েছে মর্মে নিশ্চিত হয়ে PDF Copy ডাউনলোডপূর্বক রঙিন প্রিন্ট সম্পন্ন করে সংরক্ষণ করবেন। Applicant কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোনো Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে টেলিটক চার্জসহ পরীক্ষার ফি বাবদ ১-৩ নং ক্রমিকের পদের জন্য নিয়োগ পরীক্ষার ফিবাবদ ১০০/-(একশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জবাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ১২/- (বারো) টাকাসহ সর্বমোট ১১২/- (একশত বারো) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। **তবে সকল গ্রেডের পদের ক্ষেত্রে অনগ্রসর শ্রেণির (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীগণ) প্রার্থীরা নিয়োগ পরীক্ষার ফি বাবদ ৫০/-(পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ৬/-(ছয়) টাকাসহ সর্বমোট ৫৬/-(ছাপ্পান্ন) টাকা** অনধিক ৭২ ঘণ্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না"।

**প্রথম SMS:** BOMD<space>**User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

*Example:* **BOMD ABCDEF**

*Reply: Applicant's Name, Tk- 112 or 56 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type BOMD<Space>Yes<Space>PIN and send to 16222.*

**দ্বিতীয় SMS:** BOMD<space>**Yes**<space>**PIN** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

*Example:* **BOMD YES 12345678**

*Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for BOMD Application for post xxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).*

চলমানপাতা ৩

চ.   **প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি** http://bomd.teletalk.com.bd **ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে** SMS-**এর মাধ্যমে** (শুধু যোগ্য প্রার্থীদেরকে যথাসময়ে জানানো হবে। Online **আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা,** SMS **পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়;**

ছ.   SMS-**এ প্রেরিত** User ID **এবং** Password **ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী** Download **পূর্বক** রঙিন **Print করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন;**

জ.   শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন;

i. User ID জানা থাকলে: **BOMD**<space>**Help**<space>**User**<space>**User ID** & Send to 16222.
Example: **BOMD Help User ABCDEF** & send to 16222

ii. PIN Number জানা থাকলে: **BOMD**<space>**Help**<space>**PIN**<space>**PIN No** & Send to 16222.
Example: **BOMD Help PIN 12345678** & send to 16222.

ঝ.   পত্রিকা ছাড়াও খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরোর ওয়েবসাইটে (www.bomd.gov.bd) এ নিয়োগ বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। এছাড়া QR Code স্ক্যান এর মাধ্যমে টেলিটকের জব পোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে এবং নিয়োগের ফলাফলসহ যাবতীয় তথ্যাদি সময়ে সময়ে হালনাগাদ করা হবে।

ঞ.   Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে ফোন করে তথ্য জানা যাবে অথবা alljobs.query@teletalk.com.bd বা emrdbmd@gmail.com ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া, টেলিটকের জব পোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (মেইল/মেসেজ এর Subject এ Organization Name: BOMD, Post Name: *** Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

ট.   **ডিক্লারেশন:** প্রার্থীকে আবেদপত্রের ডিক্লারেশন অংশে এ মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৪। **প্রার্থীর যোগ্যতা যাচাই :**

প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমানিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যেকোনো প্রার্থীর প্রার্থিতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১ টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

(ক)   প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার সনদপত্রসহ);

(খ)   প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন/ক্যান্টমেন্ট বোর্ডের বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/প্রশাসক, পৌরসভার প্রশাসক/সিটি কর্পোরেশনের মেয়র/প্রশাসক অথবা ক্যান্টনমেন্ট বোর্ডের প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;

(গ)   কোটার দাবি সমর্থনে প্রার্থীকে সর্বশেষ নীতিমালা অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত ছায়ালিপি;

(ঘ)   ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/প্রশাসক, পৌরসভার প্রশাসক/সিটি কর্পোরেশনের মেয়র/প্রশাসক অথবা নবম গ্রেড/তদূর্ধ্ব গেজেটেড কর্মকর্তা (প্রাক্তন প্রথম শ্রেণি) কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;

(ঙ)   জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) এর সত্যায়িত অনুলিপি;

(চ)   online- এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's Copy)।

৫। উপরে উল্লেখ করা হয়নি এমন যে কোনো বিষয়ে খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি) কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে অনলাইনে আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেওয়া যাচ্ছে।

22/6/2025

**(মোঃ ছরোয়ার হোসেন)**
সভাপতি
বিভাগীয় নির্বাচন কমিটি
ও
পরিচালক (যুগ্মসচিব)
ফোন : +৮৮০২-৪১০৩০২৫০
ই-মেইল : director@bomd.gov.bd

খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরোর ওয়েবসাইটে প্রবেশ এর QR Code

খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরোর টেলিটক পোর্টালে প্রবেশ এর QR Code

নং-২৮.০৭.০০০০.০০০.০০৪.১১.০০০৬.১৬ (অংশ-০৭).২৫৭

তারিখ : ০৮ আষাঢ়, ১৪৩২
২২ জুন, ২০২৫

অনুলিপি: সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিবের একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। জেনারেল ম্যানেজার (ডিজিটাল সার্ভিসেস), টেলিটক বাংলাদেশ লি., রাজউক কমপ্লেক্স , হোল্ডিং- ৩/এ, ৫/এ, ৭/এ, রোড নং- ১৭, গুলশান- ১ ঢাকা।
৩। সিস্টেম এনালিস্ট, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৪। সম্পাদক, দৈনিক সমকাল (বিজ্ঞপ্তিটি তার দৈনিক পত্রিকার ভেতরের পাতায় সীমিত আকারে (Single Space) আগামী ২৩.০৬.২০২৫ খ্রি. তারিখ ০১ (এক) দিনের জন্য প্রকাশের অনুরোধ করা হলো)।
৫। সম্পাদক, The Daily Star (বিজ্ঞপ্তিটি তার দৈনিক পত্রিকার ভেতরের পাতায় সীমিত আকারে (Single Space) আগামী ২৩.০৬.২০২৫ খ্রি. তারিখ ০১ (এক) দিনের জন্য প্রকাশের অনুরোধ করা হলো)।
৬। বিএমডির ওয়েবসাইট/নোটিশ বোর্ড।
৭। অফিস কপি।

22/06/2025

(মোসাঃ মাহবুবা খাতুন)
সদস্য সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি (ডিপিসি)